

আফ্রিকা
ডেভিড ভিওপ
অনুবাদ : এষা দে

আফ্রিকা, আমার আফ্রিকা
পূর্বজদের ধূ ধূ প্রান্তরে দৃপ্ত যোদ্ধাদের আফ্রিকা
আফ্রিকা যাকে নিয়ে গান গাইত আমার ঠাকুমা
বহুদূর নদীর তীরে
তোমাকে আমি কখনো জানি নি,
তবু তোমার রক্ত আমার ধমনীতে
তোমার সুন্দর কালো রক্ত যা সিন্ত রাখে ক্ষেতজমি
তোমার ঘামের রক্ত
তোমার মেহনতের ঘাম
তোমার গোলামির মেহনত
তোমার পুত্রকন্যাদের গোলামি
আফ্রিকা আমার আফ্রিকা

তুমি কি এই বেঁকে যাওয়া পিঠ
অপমানের ভারে নুয়ে পড়া পিঠ
লাল ক্ষতচিহ্নে থর থর কাঁপা পিঠ
দুপুর রোদের নিচে চাবুকের ঘায়ে হাঁটা বলা পিঠ
কিন্তু এক গস্তীর কণ্ঠ আমাকে জবাব দেয়
ওরে অধীর ছেলে, ওই যে তণ বলিষ্ঠ গাছটি
ওই যে গাছটি ওখানে
অপরূপ একাকিত্বে, সাদা বিবর্ণ ফুলের মাঝে
ওই আফ্রিকা, তোর আফ্রিকা
সর্বসহা নাছোড়বান্দা আবার পুষ্টিপত হয়
এবং তার ফল ধীরে ধীরে অর্জন করে
স্বাধীনতার তিন্ত স্বাদ ।

আফ্রিকায় পশ্চিম উপনিবেশের ফসল কৃষকদের ইয়োরোপিয় ভাষায় সৃজন
। ফরাসি অধিকৃত এলাকায় প্রথম শোনা যায় আধুনিক কণ্ঠ । সেনেগালের
লিখনে জন্ম নেয় কৃষক অস্তিত্ব বা নিগ্ণোত্বের একটি ধ্যানধারণা । মহাদেশটির
পরবর্তী সাহিত্যে যার ভূমিকা অত্যন্ত গুহুপূর্ণ । ডেভিড ডিওপ (১৯২৭-
-১৯৬৯) সেনেগাল-ক্যামেন মিশ্রিত রক্তের একজন বন্দিত কবি । তাঁর বিখ্যাত
কবিতা আফ্রিকা একাধারে ব্যক্তিগত সৃষ্টির প্রতিনিধিত্বপী দৃষ্টান্ত এবং আফ্রিক
ার ঔপনিবেশিক অভিজ্ঞতার এক মর্মস্পর্শী অভিব্যক্তি ।

